

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৫৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০০] ৩৩। জিহাদ ও সফর (کتاب الجهاد والسير) পরিচ্ছেদঃ ৪১. আবূ জাহলের নিধন

باب قَتْلِ أَبِي جَهْلِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرِ السَّعْدِيُّ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ، _ يَعْنِي ابْنَ عُلَيَّةَ _ حَدَّثَنَا سُلَيْمَانُ، التَّيْمِيُّ حَدَّثَنَا أَنسُ بْنُ مَالِكِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ يَنْظُرُ لَنَا مَا صَنَعَ أَبُو جَهْلٍ ". فَانْطَلَقَ ابْنُ مَسْعُودٍ فَوَجَدَهُ قَدْ ضَرَبَهُ ابْنَا عَفْرَاءَ حَتَّى بَرَكَ _ قَالَ وَهَلْ فَوْقَ رَجُلٍ قَتَلْتُمُوهُ _ أَوْ قَالَ _ قَتَلَهُ قَوْمُهُ قَالَ وَهَلْ فَوْقَ رَجُلٍ قَتَلْتُمُوهُ _ أَوْ قَالَ _ قَتَلَهُ قَوْمُهُ قَالَ وَقَالَ وَهُلْ فَوْقَ خَيْرُ أَكَّارٍ قَتَلَنِي .

বাংলা

৪৫৫৪-(১১৮/১৮০০) আলী ইবনু হুজর সা'দী (রহঃ) আনাস ইবনু মালিক (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (বদর যুদ্ধের দিন) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আবূ জাহলের কী হলো, কে আমাদের জানাবে? তখন ইবনু মাসউদ বেরিয়ে গেলেন এবং (যুদ্ধক্ষেত্রে) গিয়ে দেখলেন, আফরা এর দু'পুত্র তাকে এমনি আঘাত করেছে যে, সে ঠাণ্ডা হয়ে গেছে। রাবী বলেন, তখন ইবনু মাসউদ তার দাঁড়ি ধরে বললেন, তুমিই কি আবূ জাহল? সে বলল, তার চাইতেও উত্তম কাউকে তোমরা হত্যা করেছ? অথবা সে বলল, "যাকে তার সম্প্রদায়ের লোকেরা হত্যা করেছে?" রাবী বলেন, আবূ মিজলায (রহঃ) বলেছেন, আবূ জাহল বলেছে, হায়! চাষা ছাড়া অন্য কেউ যদি আমাকে হত্যা করতো। (ইসলামিক ফাউন্ডেশন ৪৫১১, ইসলামিক সেন্টার ৪৫১৩)

English

It has been narrated on the authority of Anas b. Malik that the Messenger of Allah (ﷺ) said (after the encounter at Badr):

Who will ascertain for us what has happened to Abu Jahl? Ibn Mas'ud went (to gather this information). He found that the two sons of 'Afra' had struck him and he lay cold at the point of death. He caught him by his beard and said: Art thou Abu Jahl? He said: is there anybody superior to the person you



have killed, or (he said) his people have killed him. Ibn Mas'ud says that, according to Abu Mijlaz, Abu Jahl said: Alas! a person other than a farmer would have killed me.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন